আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ আদায় বিভাগ

**অপারেশন সার্কুলার নং - ০৭/২০২৫** **তারিখঃ ৩০ জুন ২০২৫**

সকল শাখা ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল আঞ্চলিক ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

**বিষয় : ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা ।**

ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং হলো ব্যাংকিং খাতের ঝুঁকি ব্যবস্থাপনার অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের প্রদত্ত ঋণের গুণগত মান মূল্যায়ন করে এবং সম্ভাব্য ক্ষতির বিপরীতে আর্থিক সুরক্ষা নিশ্চিত করে। ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং নীতিমালা প্রণয়নের মূল উদ্দেশ্য হলো আর্থিক প্রতিষ্ঠানের সম্পদের স্থিতিশীলতা বজায় রাখা, আমানতকারীদের স্বার্থ রক্ষা করা এবং সার্বিকভাবে দেশের অর্থনীতির স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করা।

০২। আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে ঋণের মান নির্ধারণ ও যথাযথ তদারকি করার লক্ষ্যে অপারেশন সার্কুলার নং ০৩/২০০৪ তারিখ ১৯/০৬/২০০৪ এর মাধ্যমে এ ব্যাংকে সর্বপ্রথম ঋণ শ্রেণিকরণ ও তদানুসারে প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। পরবর্তীতে বিভিন্ন সময়ে ব্যাংকের নতুন নতুন ঋণ প্রোডাক্ট চালু হওয়ায় বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখ ০৫/০৬/২০০৬ এর আলোকে ক্ষুদ্র ও অন্যান্য ঋণের শ্রেণিকরন ও প্রভিশনিং সংক্রান্ত অপারেশন সার্কুলার ১৩/২০১০ তারিখ ২৫/০৪/২০১০ মোতাবেক সংশোধিত নীতিমাল জারি করা হয়। অতঃপর বিআরপিডি মাস্টার সার্কুলার নং ১৪ তারিখ ২৩/০৯/২০১২, বিআরপিডি সার্কুলার নং ০৩ তারিখ ২১/০৪/২০১৯ এর আলোকে অপারেশন সার্কুলার ০৪/২০১৯ তারিখ ২৬/০৬/২০১৯ জারি করা হয়। পরবর্তীতে বিআরপিডি সার্কুলার নং ১৬ তারিখ ২১/০৭/২০২০ সহ পূর্ববর্তী মাস্টার সার্কুলার ও সার্কুলার লেটারের আলোকে ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত সংশোধিত নীতিমালা অপারেশন সার্কুলার ০৫/২০২২ তারিখ ১৪ জুন ২০২২ জারী করা হয়। ৩০ ডিসেম্বর ২০২৪ অর্ধ বার্ষিক সমাপনীতে বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখ ০৮/০৪/২০২৪ এবং এ ব্যাংকের ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত সংশোধিত নীতিমালা অপারেশন সার্কুলার ০৫/২০২২ তারিখ ১৪ জুন ২০২২ এর আলোকে অপারেশন সার্কুলার ০৬/২০২৪ তারিখ ৩০ ডিসেম্বর ২০২৪ দ্বারা ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং হিসাবায়ন করা হয়।

০৩। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক অ-তফসিলি বিশেষায়িত ব্যাংক হওয়ায় সমসাময়িক অন্যান্য অ-তফসিলি বিশেষায়িত ব্যাংকের ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালাকে বিবেচনায় নিয়ে এবং বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ হতে জারীকৃত বিআরপিডি মাস্টার সার্কুলার নং-১৪ তারিখ ২৩/০৯/২০১২, বিআরপিডি সার্কুলার নং-১৬ তারিখ ২১/০৭/২০২০, বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখ ০৮/০৪/২০২৪ এর আলোকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা জারি করা হলোঃ

**০৪। ঋণের প্রকৃতি অনুযায়ী ঋণের শ্রেণিবিন্যাস ও প্রভিশনের হার:**

**০৪.০১) ওভারডিউ/মেয়াদোত্তীর্ণ এবং অনিয়মিত ঋণের সংজ্ঞাঃ**

- **ওভারডিউ/মেয়াদোত্তীর্ণের সংজ্ঞা হবে নিম্নরূপঃ**

**ক) চলমান ও তলবী ঋণের ক্ষেত্রেঃ** কোন ঋণ যদি Fixed expiry date এর মধ্যে পরিশোধ/নবায়ন করা না হয় তবে ঋণটির মেয়াদ শেষ হবার পরবর্তী তারিখ হতে ঋণটি ওভারডিউ হিসেবে গণ্য হবে।
**খ) মেয়াদী ঋণের ক্ষেত্রেঃ** একটি মেয়াদী ঋণ/বিনিয়োগের কোনো কিস্তি/কিস্তিসমূহ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা না হলে, উক্ত অপরিশোধিত কিস্তি/কিস্তিসমূহ যে তারিখে পরিশোধের জন্য নির্ধারিত থাকবে সে তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) মাস অতিক্রান্ত হওয়ার পর ওভারডিউ হিসেবে গণ্য হবে।

- **স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণের ক্ষেত্রে অনিয়মিত ঋণের সংজ্ঞা হবে নিম্নরূপঃ**

স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণ যদি নির্ধারিত মেয়াদের/তারিখের মধ্যে পরিশোধ করা না হয় তবে ঐ নির্ধারিত মেয়াদ/তারিখের পর দিন হতে ঋণটি অনিয়মিত হিসেবে গণ্য হবে।

চলমান পাতা-০২

**বিষয় : ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা।**

| ক্র. নং | সিএল রিপোর্টিং ফরম | শ্রেণিকরণের জন্য বস্তুগত মাপকাঠি | শ্রেণিবিন্যাসের ধরণ | প্রভিশনের হার |
|---|---|---|---|---|
| ০১ | **সিএল-২:** চলমান ঋণ (Continuous Loan)<br><br>**সিএল-০৪:** মেয়াদী ঋণ (Fixed Term Loan) | ওভারডিউ হিসেবে ২ মাসের কম সময় | অশ্রেণিকৃত (ST) | ০.২৫% |
| | | ওভারডিউ হিসেবে ২ মাস বা তদূর্ধ্ব কিন্তু ৬ মাসের কম সময় | অশ্রেণিকৃত (SMA) | |
| | | ওভারডিউ হিসেবে ৬ মাস বা তদূর্ধ্ব কিন্তু ১৮ মাসের কম সময় | নিম্নমান (SS) | ৫% |
| | | ওভারডিউ হিসেবে ১৮ মাস বা তদূর্ধ্ব কিন্তু ৩০ মাসের কমসময় | সন্দেহজনক(DF) | ২০% |
| | | ওভারডিউ হিসেবে ৩০ মাস বা তদূর্ধ্ব সময় | মন্দ (BL) | ১০০% |
| ০২ | **সিএল-৫:** স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণ (Short Term Agriculture & Micro-Credit) | অনিয়মিত হিসেবে ১২ মাসের কম | অশ্রেণিকৃত (ST) | ১% |
| | | অনিয়মিত হিসেবে ১২ মাস বা তদূর্ধ্ব কিন্তু ৩৬ মাসের কম সময় | নিম্নমান (SS) | ৫% |
| | | অনিয়মিত হিসেবে ৩৬ মাস বা তদূর্ধ্ব কিন্তু ৬০ মাসের কম সময় | সন্দেহজনক(DF) | ৫% |
| | | অনিয়মিত হিসেবে ৬০ মাস বা তদূর্ধ্ব সময় | মন্দ (BL) | ১০০% |

**০৪.০২)** কোন ঋণের কিস্তির সংখ্যা কিংবা সমপরিমাণ কিস্তির সংখ্যা শ্রেণিকরণের বস্তুগত মাপকাঠিতে বকেয়া হিসেবে চিহ্নিত হলে সংশ্লিষ্ট ঋণের সম্পূর্ণ স্থিতি শ্রেণিভুক্ত হবে।

**০৫।** এ ব্যাংকে বর্তমানে ৩৪ টি ঋণ প্রোডাক্ট রয়েছে। ঋণের শ্রেণিকরণ ও প্রভিশনিং করার ক্ষেত্রে ৩৪ টি খাতকে ক্যাটাগরিভিত্তিক বিশ্লেষণ করে ঋণের স্ট্যাটাস অনুযায়ি প্রভিশনের হার নির্ধারণ করা হয়েছে তা নিম্নে উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, পরবর্তীতে ব্যাংকে কোন নতুন প্রোডাক্ট চালু হলে অনুচ্ছেদ ৩ মোতাবেক শ্রেণিবিন্যাস ও প্রভিশন হার নির্ধারণ করে হিসাবায়ন করতে হবে।

| ক্রমিক নং | ঋণ প্রোডাক্টের নাম | সিএল রিপোর্টিং ফরম | প্রভিশন হার | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | Standard & SMA | SS | DF | BL |
| ১ | কৃষি ভিত্তিক প্রকল্পে চলতি মূলধন | সিএল - ০২ | ০.২৫% | ৫% | ২০% | ১০০% |
| ২ | ব্যবসায় নগদ ঋণ (ক্যাশ ক্রেডিট-সিসি) | | | | | |
| ৩ | সরকারি আর্থিক সহায়তায় চলতি মূলধন | | | | | |
| ৪ | এসএমই ঋণ | সিএল - ০৪ | ০.২৫% | ৫% | ২০% | ১০০% |
| ৫ | নারী কর্মসৃজন | | | | | |
| ৬ | পোল্ট্রি (ব্যলার/লেয়ার) ঋণ | | | | | |
| ৭ | উত্তরণ ঋণ | | | | | |
| ৮ | আনসার-ভিডিপি প্রণোদনা কৃষি ভিত্তিক প্রকল্প | | | | | |
| ৯ | গবাদি পশু পালন ঋণ | | | | | |
| ১০ | গরু-মোটাতাজাকরণ ঋণ | | | | | |
| ১১ | মৎস্য চাষ ঋণ | | | | | |
| ১২ | গ্রামীন পরিবহণ ঋণ | | | | | |
| ১৩ | কৃষি যন্ত্রপাতি ঋণ | | | | | |
| ১৪ | দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন ঋণ | | | | | |
| ১৫ | একটি বাড়ী একটি খামার সমন্বিত কৃষি ঋণ | | | | | |
| ১৬ | অঙ্গীভূত আনসার ঋণ | | | | | |
| ১৭ | প্রবাস গমণ ঋণ | | | | | |
| ১৮ | কৃষি ও পল্লী ঋণ কর্মসূচী | | | | | |
| ১৯ | আমানতের বিপরীতে ঋণ | | | | | |
| ২০ | বাংলাদেশ ব্যাংকের তহবিলে কৃষি ঋণ (৩০০ কোটি টাকা) | | | | | |
| ২১ | আমার বাড়ী আমার খামার সমন্বিত কৃষি ঋণ | | | | | |

চলমান পাতা-০৩

**বিষয় : ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা ।**

| ক্রমিক নং | ঋণ প্রোডাক্টের নাম | সিএল রিপোর্টিং ফরম | প্রভিশন হার | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | Standard & SMA | SS | DF | BL |
| ২২ | হিল আনসারদের একটি বাড়ী একটি খামার সমন্বিত কৃষি ঋণ | সিএল - ০৪ | ০.২৫% | ৫% | ২০% | ১০০% |
| ২৩ | সরকারী আর্থিক সহায়তায় কৃষিভিত্তিক শিল্প ঋণ | | | | | |
| ২৪ | আনসার-ভিডিপি আলো বাই সোলারিক ঋণ | | | | | |
| ২৫ | সৌর-বিদ্যুৎ স্থাপন ঋণ | | | | | |
| ২৬ | বায়োগ্যাস প্লান্ট ঋণ | | | | | |
| ২৭ | হালকা যানবাহন ক্রয় ঋণ | | | | | |
| ২৮ | আনসার সদস্যদের মটর সাইকেল ক্রয় ঋণ | | | | | |
| ২৯ | পার্সোনাল লোন | | | | | |
| ৩০ | কম্পিউটার ঋণ | | | | | |
| ৩১ | আনসার অফিসার হোম লোন | | | | | |
| ৩২ | আনসার/ভিডিপি সদস্য হোমলোন | | | | | |
| ৩৩ | ক্ষুদ্র ঋণ | সিএল - ০৫ | ১% | ৫% | ৫% | ১০০% |
| ৩৪ | বাংলাদেশ ব্যাংকের তহবিলে ক্ষুদ্র ঋণ | | | | | |

০৬। স্টাফ লোন বা কর্মচারী অগ্রিমের শ্রেণিবিন্যাস করতে হবে না। তবে সংশ্লিষ্ট সকল শাখা/কার্যালয়কে হিসাব খাতের স্টাফ লোন/অগ্রিমের মোট পরিমাণ সিএল-০১ এর স্টাফ লোন এর নির্ধারিত ঘরে অন্তর্ভুক্ত করতে হবে। তবে, ব্যাংকের সাধারণ ঋণ কর্মসূচীর আওতায় কোন কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণ করে থাকলে তা যথাযথ নিয়মে শ্রেণিবিন্যাস ও প্রভিশন সংরক্ষণ করতে হবে।

**০৭। শ্রেণীকৃত ঋণের সুদ হিসাবরক্ষণ:**

(ক) যদি কোনো ঋণ এসএস এবং ডিএফ হিসাবে শ্রেণিভুক্ত করা হয়, তবে এই ধরনের ঋণের উপর অর্জিত সুদ আয় খাতে জমা না করে স্থগিত সুদ (Interest Suspense) হিসাবে জমা করতে হবে। কোনক্রমেই সিএল হিসাবে শ্রেণিভুক্ত ঋণের উপর সুদ আরোপ করে আয় খাতে স্থানান্তর করা যাবে না।

(খ) কোনো ঋণ বিএল হিসেবে শ্রেণিভুক্ত হলে সে ঋণের সুদ চার্জ বন্ধ হয়ে যাবে। যদি কোন প্রয়োজনে (উদাহরণ সরূপঃ মামলা দায়ের করার ক্ষেত্রে) সুদ চার্জ করা হয়ে থাকে তবে তা স্থগিত সুদ (Interest Suspense) হিসাবে জমা করতে হবে।

(গ) পুনঃতফসিলকৃত ঋণের ক্ষেত্রে সুদ চার্জ আয় হিসাবে জমা না করে স্থগিত সুদ (Interest Suspense) হিসাবে জমা করতে হবে। পুনঃতফসিলকৃত ঋণের কিস্তি কিংবা কিস্তির অংশবিশেষ আদায় হলে সংশ্লিষ্ট ঋণের স্থগিত সুদ (Interest Suspense) হিসাব হতে আয় খাতে স্থানান্তর করতে হবে।

(ঘ) কোন শ্রেণিকৃত ঋণ আদায়ের জন্য মামলা দায়ের করার ক্ষেত্রে মামলা দায়ের পর্যন্ত সময়ের জন্য সুদ ঋণের হিসাবে চার্জ করতে হবে, তবে ঋণের হিসাবে চার্জ করা সুদ স্থগিত সুদ (Interest Suspense) হিসাবে সংরক্ষণ করতে হবে।

(ঙ) যদি শ্রেণিকৃত ঋণ বা তার অংশ আদায় করা হয় তবে প্রথমে উক্ত জমাকৃত অংশ থেকে সংশ্লিষ্ট ঋণের স্থগিত সুদ (Interest Suspense) (যদি থাকে) খাত হতে আয় খাতে স্থানান্তর করতে হবে এবং তারপরে আসল সমন্বয় করতে হবে।

**০৮। প্রভিশনের ভিত্তি: (Base for Provision)**

যে সকল ঋণের বিপরীতে নিম্নে উল্লেখিত যোগ্য জামানত (Eligible Collaterals) রয়েছে সে সকল ঋণের ক্ষেত্রে প্রভিশন সংরক্ষণের জন্য শ্রেণীভুক্ত ঋণের মোট বকেয়া ব্যালেন্স থেকে Interest Suspense পরিমাণ এবং জামানতের শতভাগ মূল্য বাদ দিয়ে অনুচ্ছেদ ০৫ এ উল্লিখিত টেবিলের সংশ্লিষ্ট ঋণের প্রভিশন হারে নির্দিষ্ট প্রভিশন সংরক্ষণ করতে হবে:

ক. ঋণের বিপরীতে একই ব্যাংকে লিয়েনকৃত আমানত;
খ. লিয়েনকৃত সরকারি বন্ড/সঞ্চয়পত্র; এবং
গ. সরকার বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত গ্যারান্টি।

চলমান পাতা- ০৪

**বিষয় : ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা।**

অন্যান্য সকল ঋণের যোগ্য জামানতের (Eligible Collaterals) জন্য অনুচ্ছেদ ০৫-এ উল্লিখিত টেবিলের প্রভিশন হারে সংশ্লিষ্ট ঋণের নির্দিষ্ট প্রভিশন নিম্নলিখিত দুটি পরিমাণের মধ্যে যেটি বেশি সেই ব্যালেন্সের উপর নির্ধারণ রাখতে হবে:

(i) শ্রেণিকৃত ঋণের মোট বকেয়া ব্যালেন্স থেকে সংশ্লিষ্ট ঋণের বিপরীতে সংরক্ষিত মোট Interest Suspense পরিমাণ এবং যোগ্য জামানতের (Eligible Collaterals) মূল্য বাদ দিয়ে; এবং

(ii) ঋণের বকেয়া ব্যালেন্সের ১৫%।

**০৯। যোগ্য জামানত: (Eligible Collateral)**

**(ক) যোগ্য জামানতের (Eligible Collateral) প্রকারভেদ:**

উপরের অনুচ্ছেদে উল্লেখিত যোগ্য জামানতের (Eligible Collateral) সংজ্ঞায় প্রভিশনের ভিত্তি নির্ধারণে নিম্নলিখিত জামানতগুলি যোগ্য জামানত হিসাবে অন্তর্ভুক্ত হবে:

(i) ঋণের বিপরীতে লিয়েনকৃত আমানতের ১০০%;
(ii) লিয়েনকৃত সরকারি বন্ড/সঞ্চয়পত্রের মূল্যের ১০০%;
(iii) সরকার বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত গ্যারান্টির মূল্যের ১০০%;
(iv) ব্যাংকের কাছে বন্ধক রাখা স্বর্ণ বা স্বর্ণালঙ্কারের বাজার মূল্যের ১০০%;
(v) ব্যাংকের নিয়ন্ত্রণে থাকা সহজে বাজারজাতযোগ্য পণ্যের বাজার মূল্যের ৫০%;
(vi) ব্যাংকের কাছে বন্ধক রাখা জমি ও দালানের বাজার মূল্যের সর্বোচ্চ ৫০%;
(vii) স্টক এক্সচেঞ্জে লেনদেনকৃত শেয়ারের গত ০৬ মাসের গড় বাজার মূল্যের ৫০% অথবা অভিহিত মূল্যের ৫০% অথবা সর্বশেষ ক্লোজিং প্রাইসের ৫০%, যেটি কম।

**(খ) যোগ্য জামানতের (Eligible Collateral) বাজার মূল্য নির্ধারণ:**

(i) সহজে বাজারজাতযোগ্য পণ্য বলতে বোঝাবে বন্ধক রাখা জমি/দালান এবং সহজে নগদায়নযোগ্য/বিক্রয়যোগ্য পণ্য যা ব্যাংকের সম্পূর্ণ নিয়ন্ত্রণে থাকে।

(ii) জমি ও দালানের ক্ষেত্রে নিশ্চিত করতে হবে যে মালিকানার দলিলপত্র সঠিক আছে এবং সংশ্লিষ্ট জমি ও দালান ব্যাংকের অনুকূলে যথাযথ ডকুমেন্টেশন/মর্টগেজ সম্পন্ন করতে হবে। যেহেতু অত্র ব্যাংকের ক্ষেত্রে স্থায়ী জামানতের মূল্যায়ন ফার্ম দ্বারা মূল্যায়ন বাধ্যতামূলক নয়, সেহেতু শাখা ব্যবস্থাপক নিজেই তা মূল্যায়ন করবে। তবে, জমিতে অস্থায়ী স্থাপনা দালান হিসেবে দেখানো যাবে না।

**১০। সিএল-এর উন্নতিকরণ/বিশ্রেণিকরণঃ**
যদি কোনো ঋণ বস্তুনিষ্ঠ মানদন্ডের ভিত্তিতে শ্রেণীবদ্ধ করা হয়, তবে চুক্তি অনুযায়ী তার মেয়াদোত্তীর্ণ/খেলাপি অর্থ পরিশোধের উপর নির্ভর করে এটি আরও অনুকূল শ্রেণিকরণ বিভাগে স্থানান্তরিত হতে পারে।

**১১। সাধারণ নির্দেশনা ও রিপোর্টিং:**
সিএল প্রতিবেদন সঠিক ও নির্ভুলভাবে প্রণয়নের লক্ষ্যে বর্ণিত নির্দেশনার আলোকে অনুসরণযোগ্য বিষয়াদি সংক্ষেপে নিম্নরূপঃ

ক) সিএল-১ বিবরণী টাকার অংকে সঠিক ও নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক সংকলিত বিবরণীর প্রদত্ত তথ্যের সঠিকতা নিশ্চিত হয়ে প্রস্তুতকারী, ২য় কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপকের নামের সীলসহ স্বাক্ষর করবেন।

খ) সাবসিডিয়ারি লেজারের প্রোডাক্টভিত্তিক ঋণ স্থিতি ও জিএল এর মোট ঋণ স্থিতি এবং স্থগিত সুদ এর ব্যালেন্সের সাথে অবশ্যই সিএল-১ এবং সিএল-২, ৪ ,৫ এর বিবরণীর ঋণ স্থিতি এবং স্থগিত সুদ (Interest Suspense) এর ব্যালেন্সের সাথে আবশ্যই মিল থাকতে হবে।

**গ) সকল ঋণগ্রহিতার সিএল-২, সিএল-৪, সিএল-৫ এর শীটের ঋণীর নামের পাশে ঋণগ্রহিতার জাতীয় পরিচয় পত্র নম্বর লিপিবদ্ধ করতে হবে।**

ঘ) সকল **মর্টগেজকৃত ঋণ এবং আমানতের বিপরীতে ঋণ** এর ক্ষেত্রে **Value for Eligible Collateral Security** এর মূল্য নির্ধারণের ক্ষেত্রে এ সার্কুলারের অনুচ্ছেদ নং ৬ ও ৭ মোতাবেক মূল্য নির্ধারণ করে সংশ্লিষ্ট ঋণের নির্দিষ্ট কলামে ভেল্যু ইনপুট দিতে হবে।

চলমান পাতা- ০৫

**বিষয় : ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত নীতিমালা ।**

ঙ) কোন ঋণ পুনঃতফসিল হয়ে থাকলে তা কততম পুনঃতফসিল সেটা সিএল-২, সিএল-৪ বিবরণীর ৫ নং কলামে তারিখের পাশে এবং সিএল-৫ এর ৩ নং কলামে তারিখের পাশে RSDL 1/2/3… উল্লেখ করতে হবে অথবা বিবরণীর শেষে Remarks column এ RSDL 1/2/3… উল্লেখ করা যেতে পারে।

**চ) সকল ঋণের সঠিক তথ্য সিএল বিবরণীতে উপস্থাপন করতে হবে। কোনক্রমেই সিএল গোপন করা যাবে না। শ্রেণিকৃত ঋণের প্রকৃত চিত্র প্রদর্শন না করা, শ্রেণিযোগ্য ঋণ শ্রেণিকরণ না করা এবং যথামানে শ্রেণিকরণ না করাসহ পত্রে উল্লেখিত সিএল বিবরণী প্রস্তুতকরণে উত্থাপিত অনিয়মের জন্য দায়ী কর্মকর্তাগণের বিরুদ্ধে ব্যাখ্যা তলবসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।**

ছ) শাখাসমূহ সিএল প্রস্তুত পূর্বক **আবশ্যিকভাবে অর্ধবার্ষিকী হিসাব সমাপনী/বার্ষিক হিসাব সমাপনীর পরবর্তী ১০ তারিখের মধ্যে** সফট কপি এবং হার্ড কপি স্ব স্ব আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন এবং আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব স্ব অঞ্চলের শাখা সমূহের সিএল একত্রিত করে **অর্ধবার্ষিকী হিসাব সমাপনী/বার্ষিক হিসাব সমাপনীর পরবর্তী ১১ তারিখের মধ্যে** অবশ্যই সফট কপি ইমেইল avubrecovery@gmail.com এ এবং হার্ড কপি কুরিয়ারযোগে বিভাগ প্রধান, ঋণ আদায় বিভাগ, প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করবেন। উল্লেখ্য, সফট কপি তে প্রতিটি শাখার নাম Rename করে দিতে হবে। যদি এক শাখার একাধিক ফাইল থাকে তবে সবগুলো ফাইল একটি ফোল্ডারে নিয়ে শাখার নাম Rename করে দিতে হবে।

**জ) আঞ্চলিক কার্যালয় হতে প্রধান কার্যালয়ে সিএল এর সফট কপি ও হার্ড কপি প্রেরণের পূর্বে শাখাসমূহ নির্দেশনা মেনে যথাযথভাবে সিএল বিবরণী প্রস্তুত করেছে কি-না এবং সিএল বিবরনীর সাথে শাখার Affairs এর মোট ঋণ স্থিতি, কর্মী অগ্রীম এবং স্থগিত সুদ (Interest Suspense) সঠিক আছে কি-না তা যাচাই করে প্রেরণের জন্য আঞ্চলিক ব্যবস্থাপকদেরকে নির্দেশনা দেয়া হলো।**

১৩। ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত অপারেশন সার্কুলার নং ০৬/২০২৪ তারিখঃ ৩০ ডিসেম্বর ২০২৪ এবং অপারেশন সার্কুলার নং ০৫/২০২২ তারিখঃ ১৪ জুন ২০২২ সহ এতদসংক্রান্ত পুর্ববর্তী সকল অপারেশন সার্কুলার এতদ্বারা রহিত করা হলো। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এ নীতিমালা মোতাবেক শাখার ঋণ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং করতে হবে।

১৪। এ নীতিমালার বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে ঋণ আদায় বিভাগে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে,

দেবব্রত ভৌমিক
সহকারী মহাব্যবস্থাপক
ফোন: ০২-৪৮৩১৩১৯১
ই-মেইল: avubrecovery@gmail.com

এম. এম. জি. তোফায়েল
মহাব্যবস্থাপক (অপারেশন)
ফোনঃ ০২-৪৮৩১৩১৯৬
ই-মেইলঃ gmoperation@ansarvdpbank.gov.bd

সূত্র নং- ২/২০/৩১৫/ ৭০০৬

তারিখঃ ৩০ জুন ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ**

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস্), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (বিভাগ প্রধান মহোদয়, আইসিটি বিভাগ, কে AVUB Archive এ সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৬। প্রধান নির্বাহী, ইনফিনিটি টেকনলজি ইন্টারন্যাশনাল লিঃ, গুলশান, ঢাকা।
৭। নথি।

30.06.25
মোঃ রাশেদ রহমান
সিনিয়র অফিসার